

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ১৭৩১

৭/ সিয়াম বা রোযা (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৭/৪০. আরাফাত দিবসের রোযা।

بَابُ صِيَامِ يَوْمِ عَرَفَةَ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ إِسْحَقَ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ عِيَّاضِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ قَتَادَةَ بْنِ النُّعْمَانَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ صَامَ يَوْمَ عَرَفَةَ غُفِرَ لَهُ سَنَةٌ أَمَامَهُ وَسَنَةٌ بَعْدَهُ

বাংলা

২/১৭৩১। ক্বাতাদাহ্ ইবনু নো'মান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ যে ব্যক্তি আরাফাত দিবসে রোযা রাখলো, তার আগের বছরের ও পরের বছরের গুনাহ মাফ করা হলো।

English

It was narrated that Qatadah bin Nu'man said:

"I heard the Messenger of Allah (ﷺ) say: 'Whoever fasts the Day of 'Arafah, his sins of the previous and following year will be forgiven.'"

ফুটনোট

ইরওয়াহ ৪/১০৯, ১১০, যঈফাহ ৫/২২। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইসহাক বিন আবদুল্লাহ সম্পর্কে আবু আহমাদ বিন আলী আল-জুরজানী বলেন, তার সানাৎ বা মাতান কোনটিরই কেউ অনুসরণ করেনি। আবু বকর আল বুরকানী ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মাতরুফ বা প্রত্যাখ্যানযোগ্য। আবু বকর আল বাযযার বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু বকর আল বাযহাকী বলেন, তিনি দুর্বল। আবু ইয়ালা আল খালীলী বলেন, তিনি খুবই দুর্বল। ইমাম দারাকুতনী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৬৭, ২/৪৪৬ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইসহাক বিন আবদুল্লাহ এর কারণে সানাৎটি দুর্বল। হাদিসটির ২৪০ টি শাহিদ হাদিস রয়েছে। তন্মধ্যে ১ টি জাল, ৩১ টি অধিক দুর্বল, ৮২ টি দুর্বল, ৬৫ টি হাসান, ৬১ টি সহীহ

হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ৭৪৯, ৭৫২, আহমাদ ২২০১০, ২২০২৩, ২২০৮, ২২০১৯, ২২১১৩, ২৪৪৪৮, মুসান্নাফ আব্দুর রাযযাক ৭৮১৬, ৭৮২৭, ৭৮৩১, ৭৮৩২, মু'জামুল আওসাত ২০৬৫, ৪৮৭৫, ৫৬৪৬ ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ কাতাদাহ বিন নু'মান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=31828>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন